



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)
Web-site: www.dpdc.org.bd

দপ্তর
নির্বাহী পরিচালক (অপারেশন)
বিদ্যুৎ ভবন (৩য় তলা)
১ নং আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৬৩৪০৭
E-mail: edo@dpdc.org.bd

স্মারক নং-৮৭.২০১.৪২৪.০০.০০.০০৬.২০১৯-৩৬

তারিখ: ২২/০৯/২০২০ ইং।

বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির এপিএ টিমের মাসিক সভার (সেপ্টেম্বর/২০২০) কার্যবিবরণী।

অদ্য ২২/০৯/২০১৯ ইং তারিখে নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি মহোদয়ের সভাপতিত্বে এপিএ টিমের মাসিক সভা (সেপ্টেম্বর/২০২০) অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এপিএ টিমের সকল সদস্যগণ উপস্থিত ছিলেন। উক্ত সভায় নির্বাহী পরিচালক (অপারেশন) মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---------|--|---|---|--|
| ০১ | ২০২০-২০২১ অর্থ বছরের এপিএ'র ১ম ত্রৈমাসিক অর্জনের প্রতিবেদন প্রমাণকসহ প্রস্তুত করণ। | সভায় অবহিত করা হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের এপিএ ক্যালেন্ডার অনুযায়ী ২০২০-২০২১ অর্থ বছরের এপিএ'র ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২০) মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ আগামী ১৫/১০/২০২০ খ্রি. তারিখের মধ্যে APAMS সফটওয়্যারে দাখিল করতে হবে। গত ২১/০৯/২০২০ খ্রি. তারিখে এতদসংক্রান্ত একটি সার্কুলার জারী করা হয়েছে। | সার্কুলার অনুযায়ী ডিপিডিসি'র সকল দপ্তর ২০২০-২০২১ অর্থ বছরের এপিএ'র ১ম ত্রৈমাসিক (জুলাই - সেপ্টেম্বর, ২০২০) অর্জনের প্রতিবেদন সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী/ মহাব্যবস্থাপক দপ্তর কর্তৃক কমপাইল করে সংশ্লিষ্ট নির্বাহী পরিচালক এর মাধ্যমে আগামী ০৮/১০/২০২০ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের বিষয়টি মনিটরিং করবেন। | সকল নির্বাহী পরিচালক/ প্রধান প্রকৌশলী / মহাব্যবস্থাপক ও উপ- মহাব্যবস্থাপক (অর্থ) আরএ |
| ০২ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা সংশোধন / সংযোজন। | সভায় অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কোন লক্ষ্যমাত্রা সংশোধন / সংযোজনের প্রয়োজন হলে তা ২২/০২/২০২০ খ্রি. তারিখে মন্ত্রণালয়কে পত্র মারফত অবহিত করতে হবে। এবিষয়ে সভায় আলোচনা হয় যে, সূচক ১.৩.২ এ উল্লেখিত ১১ কেভি ফিডার অটোমেশন এর লক্ষ্যমাত্রা ১০০% নির্ধারিত আছে। ডিপিডিসি'র মোট ১১ কেভি ফিডারের সংখ্যা ৭১৪টি এর মধ্যে ৫৪২টি ফিডারে SAS সার্পোর্ট নেই। এ ফিডারগুলো অটোমেশন করার জন্য বিদেশ থেকে প্রয়োজনীয় হার্ডওয়্যার ক্রয় করার প্রয়োজন হবে, যা সময়সাপেক্ষ। ফলে বর্তমানে ১০% লক্ষ্যমাত্রা নির্ধারণ করার জন্য মন্ত্রণালয়কে পত্র মারফত জানানো যেতে পারে। | ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক ১.৩.২ এ উল্লেখিত ১১ কেভি ফিডার অটোমেশন এর লক্ষ্যমাত্রা ১০০% পুন: নির্ধারণ করার জন্য অনুরোধ জানিয়ে মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করতে হবে। | উপ- মহাব্যবস্থাপক (অর্থ) আরএ |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় নির্বাহী পরিচালক (অপারেশন) মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রকৌঃ এ.টি.এম. হারুন অর রশিদ)
নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি।

বিতরণ:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।
- ২। নির্বাহী পরিচালক (আডমিনিস্ট্রেশন এন্ড এইচআর/প্রকৌশল/অর্থ/আইসিটি এন্ড প্রক্লিউরমেন্ট), ডিপিডিসি।
- ৩। কোম্পানি সচিব/প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক, ডিপিডিসি।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক, ডিপিডিসি।
- ৫। নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক, ডিপিডিসি।
- ৬। অফিস কপি/মান্ডার ফাইল-০০১